## মঞ্জুরি নং-২১

# ১২৪-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

### মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| পরিচালন ব্যয় | ২২৬৮৩,৭৫,০০ | ২৪৯৫২,১২,০০ | ২৭৪৪৭,৩৪,০০ |
| উন্নয়ন ব্যয় | ১৬১৩৫,৫২,০০ | ১৭৭৪৯,০৭,০০ | ১৯৫২৩,৯৮,০০ |
| **মোট** | **৩৮৮১৯,২৭,০০** | **৪২৭০১,১৯,০০** | **৪৬৯৭১,৩২,০০** |
| | | | |
| আবর্তক | ২৬৮৬০,৯৯,৩৮ | ৩০১০৭,৬৭,৬৮ | ৩২৫৭৬,১০,৫৫ |
| মূলধন | ১১৯৫৮,২৭,৬২ | ১২৫৯৩,৫১,৩২ | ১৪৩৯৫,২১,৪৫ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৩৮৮১৯,২৭,০০** | **৪২৭০১,১৯,০০** | **৪৬৯৭১,৩২,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক আইন, নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

১.২.২ একীভূত ও স্মার্ট প্রাথমিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;

১.২.৩ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়ন;

১.২.৪ উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন;

১.২.৫ প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন;

১.২.৬ প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষাস্তরের শিক্ষাক্রম পরিমার্জন, পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ এবং বিতরণ;

১.২.৭ হতদরিদ্র ও সুবিধাবঞ্চিত শিশু কিশোরদের জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ; এবং

১.২.৮ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের রেজিস্ট্রেশন প্রদান ও নিয়ন্ত্রনমূলক কার্যক্রম।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | • বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবংবিদ্যালয় মেরামত ও সংস্কার<br>• ওয়াশ-ব্লকনির্মাণ ও নলকূপ স্থাপন | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • শিক্ষাক্ষেত্রে জেন্ডার বৈষম্য নিরসনের জন্য ছেলেমেয়ে সকল শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের মাধ্যমে মেয়েদের বিদ্যালয়ে শতভাগ ভর্তি নিশ্চিতকরণ<br>• নারীর ক্ষমতায়ন ও কর্মসংস্থানের জন্য প্রাথমিক বিদ্যালয়ে শতকরা ৬০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগ এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিতে নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ<br>• দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম<br>• জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার জন্য উপকূলীয় অঞ্চলে দুর্যোগ সহনীয় বিদ্যালয় ভবন নির্মাণ<br>• সকল শিক্ষার্থীর জন্য বিনামূল্যে সময়মত পাঠ্যপুস্তক সরবরাহ | |
| | • সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন | • বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট |
| ২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | • বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন<br>• ৫ম শ্রেণির পাঠ শেষে সমাপনী পরীক্ষা গ্রহণ<br>• পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান<br>• প্রাথমিক পর্যায়ে আইসিটি ভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন<br>• মা সমাবেশের আয়োজন<br>• মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন<br>• “এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস” প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | • শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ-সি.ইন.এড.এবং ডিপ.ইন.এড. এবংবিষয়ভিত্তিক প্রশিক্ষণ | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>• জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) |
| | • শিক্ষক ও প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ<br>• প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন | • জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) |
| ৩. উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ | • ৬৪টি জেলায় ১৫ থেকে ৪৫ বছর বয়সী ৪৫ লক্ষ নিরক্ষর নারী পুরুষের জন্য মৌলিক সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়ন।<br>• বিদ্যালয় বহির্ভূত ৮-১৪ বছর বয়সী ১০ লক্ষ শিক্ষার্থীকে উপানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষাকাল সম্পন্নকরণ | • উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো |
| ৪. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ ও স্মার্ট ব্যবস্থাপনার প্রবর্তন | • ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিনা মূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান, স্কুল ফিডিং কার্যক্রম পরিচালনা, শিক্ষাভাতা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে দরিদ্র পরিবারের শিশুদের প্রাথমিক শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি হচ্ছে। ফলে দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটছে, যা দারিদ্র নিরসনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। শিক্ষা অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** পিইডিপি-৪ এর মাধ্যমে ৫০০০০ চাহিদাভিত্তিক নতুন শ্রেণিকক্ষ নির্মাণ ও অন্য ২টি প্রকল্পের আওতায় ৬৫০০০ অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ এবং প্রতিবছর ৪৫০০০ বিদ্যালয় সংস্কারের মাধ্যমে প্রায় ২ কোটি ছাত্র-ছাত্রী উপকৃত হবে। ১ কোটি ৩০ লক্ষ ছাত্র-ছাত্রীকে উপবৃত্তি প্রদান যেহেতু প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মোট সুফলভোগীর অর্ধেকই ছাত্রী, তাই এসকল কর্মসূচি সরকারি সম্পদ ও সেবা প্রাপ্তি, শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তিসহ নারী উন্নয়নের সকল সূচকের উন্নয়নে প্রভূত ভূমিকা রাখছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ৬০% মহিলা কোটা সংরক্ষণ করা হচ্ছে, যা সরাসরি নারীদের কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক মর্যাদা বৃদ্ধি ও জীবনমান উন্নয়নে ভূমিকা রাখছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব**: উপকূলীয় অঞ্চলে নির্মিত সাইক্লোন সেন্টার কাম বিদ্যালয় দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে, যা জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত অভিযোজনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে। এছাড়া জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত এলাকায় এডুকেশন ইন ইমার্জেন্সি খাত হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

### ৩.১.২ মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে আইসিটিসহ বিশেষ করে ইংরেজি ও গণিত বিষয়ে শিক্ষকদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে শিক্ষকদের আইসিটি ও ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি পাচ্ছে যা তাদের পেশা জীবনের বাইরে অবসর সময়ে অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টি করছে। তাছাড়া, প্রাথমিক শিক্ষার অবকাঠামো উন্নয়নের ফলে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। এসব কর্মসূচী দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে অন্যতম হচ্ছে শিক্ষক প্রশিক্ষণ। বছরে গড়ে ১৫০০০ শিক্ষক ডিপিএড/সিএনএড প্রশিক্ষণ পাচ্ছেন, যার মধ্যে প্রায় ৬৪% শিক্ষিকা। প্রতিবছর শিক্ষকদের আইসিটিসহ বিষয়ভিত্তিক নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে পাঠদানে শিক্ষক বিশেষ করে নারী শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। এ সকল কর্মসূচির মাধ্যমে নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি, আয়বর্ধনসহ সমাজের সকল ক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** জলবায়ু পরিবর্তন নিয়ে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে অধ্যায় সংযুক্ত করা আছে, যা পঠন ও অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা জলবায়ু পরিবর্তন সম্পর্কে ধারণা লাভ করছে।

### ৩.১.৩ উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সাক্ষরতা কার্যক্রমের আওতায় দেশের প্রায় ৪৫ লক্ষ ১৫-৪৫ বছর বয়সী নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের কার্যক্রম চলমান। এ উপানুষ্ঠানিক কার্যক্রমের মাধ্যমে ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে মৌলিক সাক্ষরতা ও জীবন (ইতোমধ্যে ২৩ লক্ষ ৬০ হাজার জনকে সাক্ষরতা প্রদান সম্পন্ন করা হয়েছে) দক্ষতাভিত্তিক শিক্ষা প্রদান করা কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সাক্ষরতা শিক্ষা কার্যক্রমের ৪৫ লক্ষ সুফল ভোগীর অর্ধেকই মহিলা। ফলে এ কর্মসূচি নারীর অর্থনৈতিক উন্নয়নের উপর ব্যাপক প্রভাব রাখবে এবং শিক্ষা বঞ্চিত নারীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও আয়বর্ধন কর্মে নারীর অংশগ্রহণ বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব**: জলবায়ু পরিবর্তনের বিষয়ের উপর ধারণা প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব, করণীয় ও কৌশল নির্ধারণে স্বাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে।

### ৩.১.৪ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে কার্যক্রম গ্রহন করা হয়েছে যেমন, স্লিপ, স্কুল মিল। স্লিপ হলো বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রম, যার সাথে স্থানীয় মানুষ জড়িত থাকে বিধায় দারিদ্র নিরসনে কিছুটা ভুমিকা রাখছে। স্কুল মিলের মাধ্যমে স্থানীয় উদ্যোক্তা সৃষ্টিতে ভুমিকা রাখছে। বিশেষ করে, স্কুল মিলের প্রয়োজনীয় উপকরণ সবজি, ডিম স্থানীয়ভাবে সংগ্রহ করা হয়, ফলে দারিদ্র নিরসনে সরাসরি ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** স্কুল ম্যানেজিং কমিটিতে একজন নারী অভিভাবক প্রতিনিধি থাকায় স্কুল পরিচালনায় নারীদের চিন্তা-চেতনার প্রতিফলন হচ্ছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষা বিকেন্দ্রীকরণের ফলে জলবায়ু পরিবর্তনের নিমিত্ত সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচিতে স্থানীয় জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত হচ্ছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| দারিদ্র্য নিরসন | ৩৫৬৮৭,১৩,৫৪ | ৩৯৬২৭,৩৯,৪২ | ৪৪১১২,২৭,৯৪ |
| নারী উন্নয়ন | ২৪৯০০,৯৬,৫৫ | ২৭৪৪১,৫৭,২০ | ২৭০০০,৮৩,৯০ |
| জলবায়ু পরিবর্তন | ২৭৪২,৫৩,০০ | ৩০১৬,৭৮,৩০ | ৩৩১৮,৪৬,১৩ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. শিক্ষক-শিক্ষিকার দক্ষতা উন্নয়ন**<br>শিক্ষার গুণগতমান উন্নয়নে ছাত্র-শিক্ষকের অনুপাত যথাযথ পর্যায়ে (১:৩০) বজায় রাখা বাঞ্ছনীয়। বর্তমানে শিক্ষক শিক্ষার্থীর অনুপাত হচ্ছে ১:৩৩ এ অনুপাতকে কমিয়ে আনার লক্ষ্যে প্রতিবছর বিপুল সংখ্যক শিক্ষক নিয়োগ করা হচ্ছে। তবে শিক্ষক নিয়োগই একমাত্র বিষয় নয় বরং শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য প্রয়োজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমন্ডলী। প্রাথমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষকদের ডিপ.ইন.এড. প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত করে শিক্ষার গুণগতমান উন্নয়নে প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ বিবেচনায়ই প্রশিক্ষণ কর্মসূচিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **২. নতুন বিদ্যালয় স্থাপন, বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণ, পুনর্নির্মাণ, মেরামত ও সংস্কার**<br>শিশু-বান্ধব অবকাঠামো শিক্ষার গুণগতমান উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখে। তাছাড়া, জলবায়ু সংবেদনশীল অবকাঠামো জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলার সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করে। কয়েক যুগ পূর্বে নির্মিত বিদ্যালয়গুলোর অবকাঠামোসমূহ পুনর্নির্মাণ-মেরামত ও সংস্কারের মাধ্যমে শিশুদের জন্য শিশুবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ প্রয়োজন। অধিক সংখ্যক শিশুকে বিদ্যালয়ে আসার সুযোগ প্রদানের জন্য পিইডিপি-৪ এর আওতায় ৫০০০০টি শ্রেণি কক্ষ নতুন করে নির্মাণ এবং ৫০০০টি স্কুলে বাউন্ডারি ওয়াল নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, বর্তমানে এ কার্যক্রম চলমান আছে। এছাড়া পৃথক ২টি প্রকল্পের মাধ্যমে আরো ৬৫০০০ শ্রেণিকক্ষ নির্মিত হচ্ছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **৩. স্কুল ফিডিং কর্মসূচি**<br>দরিদ্র প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি, তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ এবং পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে স্কুল ফিডিং কর্মসূচি চালু করার উদ্যোগ | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| গ্রহণ করা হয়েছে। বর্তমানে ফিজিবিলিটি স্ট্যাডির কাজ চলমান আছে। শীঘ্রই এ বিষয়ে ১টি প্রকল্প গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ইতোপূর্বে চালুকৃত স্কুল ফিডিং প্রকল্প গত ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত হয়েছে। যার আওতায় প্রতি স্কুল দিবসে প্রায় ৩০ লক্ষ শিক্ষার্থী স্কুল ফিডিংয়ের সুবিধা ভোগ করেছে। | |
| **৪. দরিদ্র শিক্ষার্থীদেরকে উপবৃত্তি/শিক্ষা ভাতা প্রদান**<br>দরিদ্র ও প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি এবং তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ করার লক্ষ্যে উপবৃত্তি এবং শিক্ষা ভাতা প্রদান করা হয়ে থাকে। এ শিক্ষা ভাতা, উপবৃত্তি প্রদানের ফলে নীট ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি এবং ঝরে পড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাবে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৫. সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার প্রচলন**<br>গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার মানের বৈষম্য দূরীকরণের লক্ষ্যে এবং প্রাথমিক শিক্ষায় গুণগত মান অর্জনের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালু করা হয়েছে। মানের সমতাকরণ ও ব্যাপক উন্নয়ন ঘটানো সম্ভব হবে। এ কারণে এ কর্মকান্ডকে অগ্রাধিকার দেয়া হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৬. নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম**<br>ক) দেশের ১৫-৪৫ বছর বয়সী ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষর জ্ঞানসম্পন্ন করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে এসকল নব্য সাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীকে বিভিন্ন কর্মে দক্ষ করে তোলার জন্য কার্যক্রম গ্রহণ করা হবে। এর ফলে সুফলভোগীরা তাদের লব্ধ জ্ঞান আয়বর্ধক কর্মে প্রয়োগ করে নিজের এবং তাদের পরিবারের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখতে পারবে বিধায় এ কর্মকান্ডকে অগ্রাধিকার তালিকায় রাখা হয়েছে।<br>খ) বিদ্যালয় বর্হিভূত ৮-১৪ বছর বয়সী ১০ লক্ষ শিক্ষার্থীকে উপানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষাকাল সম্পন্ন করে শিক্ষার মূলধারায় সম্পৃক্ত করার কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। গত ৩০ জুন'২০২৩ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের ৩য় গ্রেডের শিক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এখন ৪র্থ গ্রেডের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।<br>গ) বিদ্যালয় বহির্ভূত ১৪-১৮ বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা Skill focused leteracy out of school Adolescents (SKILFO) শীর্ষক কক্সবাজার জেলায় ১৮ মাস মেয়াদী একটি "পাইলট প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইহা প্রাথমিক পর্যায়ে কক্সবাজার জেলার চলমান আছে। এটি সফল বাস্তবায়নের পর বাংলাদেশের অন্যান্য জেলায় কার্যক্রম গ্রহণ করা হবে। | • উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ১৪২১,৬৬,৮৮ | ১৬১,৮৭,৬৮ | ৩০৯৬,৭৮,০০ | ৩২১৯,৪৫,০০ | ৯১২৫,৪২,০০ |
| প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ১৩৯৫৩,৭৩,৯৯ | ১০৯৫১,৫৬,২১ | ১৫৫৩৩,৪২,০০ | ১৭২৯০,১০,০০ | ১৩৪৩৫,০৯,০০ |
| বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১০,০৬,৯৯ | ৯,৯৪,৭০ | ১০,৪০,০০ | ১১,৪৪,০০ | ১২,৫৮,০০ |
| জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ৫৪,৩৩,৯৪ | ৫৪,১৪,৮৯ | ৫৭,৪৭,০০ | ৬৩,২২,০০ | ৬৯,৫৪,০০ |
| উপজেলা শিক্ষা অফিসসমূহ | ৩৩০,৬৪,১৬ | ৩২৯,৪৯,৮০ | ৩৪৩,৩৮,০০ | ৩৭৭,৭২,০০ | ৪১৫,৪৯,০০ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১৬,৮৪,৩৫ | ১৬,৮৪,৩৫ | ১৭,০৫,০০ | ১৮,৭৬,০০ | ২০,৬৩,০০ |
| উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১০৩,৩৮,৪২ | ১০৩,০৯,৯০ | ১০১,৮৬,০০ | ১১২,০৫,০০ | ১২৩,২৫,০০ |
| থানা রিসোর্স সেন্টারসমূহ | ৫,৯৯,৭৮ | ৫,৯৭,১০ | ৬,৩৩,০০ | ৬,৯৬,০০ | ৭,৬৬,০০ |
| প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ | ১০৫,৪২,৫৫ | ১০৫,৩৯,০০ | ১১৩,০৮,০০ | ১২৪,৩৯,০০ | ১৩৬,৮৩,০০ |
| সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১৮৬৯০,৩৮,৪৮ | ১৮৬৯০,৩৮,৪৮ | ১৯৩৯০,১৭,০০ | ২১৩২৯,১৭,০০ | ২৩৪৬২,১১,০০ |
| প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১২,৮৪,৫০ | ৩৬,৫৪,১৮ | ১৩১,৩৫,০০ | ১২৮,১৫,০০ | ১৪০,৯৬,০০ |
| জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১৬,৮৯,৫০ | ১৬,৬০,৪৫ | ১৭,৯৮,০০ | ১৯,৭৮,০০ | ২১,৭৬,০০ |
| **সর্বমোট :** | **৩৪৭২২,২৩,৫৪** | **৩০৪৮১,৮৬,৭৪** | **৩৮৮১৯,২৭,০০** | **৪২৭০১,১৯,০০** | **৪৬৯৭১,৩২,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৮৮৯২,৭৯,৯০ | ১৯০৫৬,২৩,৯৯ | ১৯৭৬০,৭৯,২৯ | ২১৯৫৯,৩৬,৪৫ | ২৪১৬৭,৫৭,০৩ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১০৭০,৪৮,৩৮ | ৯১৫,৮৩,৫৫ | ১১৫৯,৯০,১২ | ১৫১৮,৫৩,২৫ | ১৫২১,২৬,৪৬ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৪৮,৬৯,৪৯ | ৬৭,০০,৯৭ | ৬৮,৫৭,৬৫ | ৫২,৯০,৮৮ | ৫৪,১৩,২০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৭৯১,৮০,২০ | ৭৮৮,৫৩,৪৯ | ৬২৮,৬০,৭৭ | ৭৬২,৯৩,৫৯ | ৭৪১,৯২,২৪ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৩২,৭২,৪০ | ৩২,২০,৮১ | ৩৫,৯৭,৪২ | ৩২,০২,১৬ | ৩২,১২,৪০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪৩,১৯,৯৮ | ৪২,৬৩,৪২ | ৪৮,৯৩,৬৫ | ৫১,৬৬,৯৯ | ৫৫,৩৭,৭৯ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ০ | ০ | ৫৭,৫২ | ৩৬,১৬ | ২০,০০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ২,৪৯,০০ | ১,০৮,০০ | ১,৯২,৪১ | ১,৯৩,৫০ | ১,৯৬,৩৬ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৪৬৬,১৪,১৯ | ৬০৩,৫২,৭১ | ৬৪৫,৬৬,০২ | ৬১৪,৭৩,২৪ | ৬৪৫,৯২,৭৮ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৫,৩৮,৬১ | ৪,৬৪,৯৬ | ১৩,২৬,৬২ | ৯,২৮,৭২ | ৮,১৭,৯৭ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৩০৪,১৪,৮২ | ৪৭৫,৭৪,৯৬ | ৯১৯,৫৭,৪৪ | ৬৯১,৫৬,৬৯ | ৬৯৩,২৩,২৪ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৮৮১,৬৩,৪৩ | ৩৪৬,৮১,৫৩ | ৫৪০,৬৫,৪১ | ৮২৩,৭২,৬৩ | ৮২৬,৭৮,৯১ |
| ৩৪২১ | অভ্যন্তরীণ ঋণের ওপর সুদ | ০ | ০ | ০ | ২০ | ৪০ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৪৩৯,২৭,৯৯ | ৪৩৮,৭৯,২৭ | ৮৩৫,৫৮,১৭ | ৯৪১,৭৪,৭৪ | ৯৪৮,৪৬,০৭ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৫১,০০ | ৫১,০০ | ৩৯,৫৭ | ৪৩,৭০ | ৪৬,৫৭ |
| ৩৭২২ | অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ৪৯,৬৬,৭৩ | ৪৪,৬৫,৪৩ | ৪৫,১১,০০ | ৪৯,৬১,০০ | ৫৪,৫৮,০০ |
| ৩৭৩১ | চাকরি সম্পর্কীয় নগদ সামাজিক সুবিধাদি | ০ | ০ | ০ | ১,৮০ | ২,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ২৬১৪,৩২,৩৬ | ২৪৫৭,২০,০৭ | ১৯১৬,২৩,১৭ | ২৩১০,২৯,৩১ | ২৫০৬,৮৭,৬২ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১৪৬৬,৬৪,৯১ | ৬,০০ | ২৩৯,২৩,১৫ | ২৮৬,৫২,৬৭ | ৩১৭,০১,৫১ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২৭১০৯,৯৩,৩৯** | **২৫২৭৫,৫০,১৬** | **২৬৮৬০,৯৯,৩৮** | **৩০১০৭,৬৭,৬৮** | **৩২৫৭৬,১০,৫৫** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৬৪৪৭,২৫,৪৮ | ৪৫১৬,০২,০২ | ৮১১৬,৭৮,৪০ | ৮৯৩১,৯৭,০০ | ৫৩৮৯,০৬,৮৭ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১১৪০,৯৭,৯০ | ৬৬৬,৪৭,৬৬ | ৯৬৭,০৭,৮১ | ৬৫২,৯৬,২৩ | ৬৩,৮৭,০৪ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৪,৮৫,৫৯ | ৪,৬৬,৪৫ | ২৫,৭১,৭৭ | ২০,৪৫ | ২২,৯০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ৪১৪১ | ভূমি | ১৮,৯২,৮০ | ১৮,৯২,৮০ | ৩১,৮৬,৬৪ | ৩১,৮৬,৬৪ | ৩১,৮৬,৬৪ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৭৩ | ০ | ২৮১৬,৮৩,০০ | ২৯৭৬,৫১,০০ | ৮৯১০,১৮,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৭৬১২,০২,৫০** | **৫২০৬,০৮,৯৩** | **১১৯৫৮,২৭,৬২** | **১২৫৯৩,৫১,৩২** | **১৪৩৯৫,২১,৪৫** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ২৭,৬৫ | ২৭,৬৫ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **২৭,৬৫** | **২৭,৬৫** | **০** | **০** | **০** |
| | **সর্বমোট :** | **৩৪৭২২,২৩,৫৪** | **৩০৪৮১,৮৬,৭৪** | **৩৮৮১৯,২৭,০০** | **৪২৭০১,১৯,০০** | **৪৬৯৭১,৩২,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ | | ৮ | ৯ | ১০ |
| ১. স্কুল ভর্তির হার (গ্রস) | ১ | % | ১০৬ | ১১০.৪৮ | ১০৫ | ১০৫ | ১০৫ | ১০৫ | ১০৫ |
| ২. নীট ভর্তির হার | ১ | % | ৯৭.৫ | ৯৭.৫৬ | ৯৮ | ৯৮ | ৯৮.৫ | ৯৯ | ৯৯ |
| ৩. উপস্থিতির হার | ১,২ | % | ৭৮ | ৮৮.০২ | ৮০ | ৭৯ | ৮২ | ৮২ | ৮৩ |
| ৪. শিক্ষা সমাপনের হার | ১,২ | % | ৯৫ | ৮৬.০৫ | ৯৬ | ৮৮ | ৯৬ | ৯৭ | ৯৭ |
| ৫. ৫ম শ্রেণি হতে ৬ষ্ঠ শ্রেণিতে উত্তরণের হার | ১,২ | % | ৯৪.৫ | ৯৪.৫ | ৯৫ | ৯৪.৫ | ৯৬ | ৯৬ | ৯৬ |
| ৬. শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত | ১,২ | অনুপাত | ১.৩২ | ১:৩৩ | ১:৩০ | ১:৩৩ | ১:৩০ | ১:৩০ | ১:৩০ |
| ৭. সাক্ষরতার হার (১৫+) | ৩ | % | ৭৫.৫ | ৭৫.৬ | ৭৬.৫ | ৭৬.৫ | ৭৮.০০ | ৭৯.৫০ | ৮১.০০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** জানুয়ারি মাসের ১ তারিখে সকল শিক্ষার্থীকে বিনামূল্যে চার রঙে মুদ্রিত পাঠ্যপুস্তক সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। শিশুদের পুষ্টিহীনতা ও স্বাস্থ্যঝুঁকি হ্রাস এবং শ্রেণিকক্ষে মনোযোগী করতে সারাদেশে মিড ডে মিল-এর ২য় পর্যায়ের কার্যক্রম চালুর লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন ১২টি পিটিআই স্থাপন করা হয়েছে। সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ এবং আন্তর্জাতিক সাক্ষরতা দিবস অত্যন্ত সফলভাবে পালন করা হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয়। | | | | | | | | | | |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২৩-২৪ | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১২৪০১০১ - সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | ১২,৮৮,০৭ | ২৩,৬৯,০৮ | ১৯,৪৮,৯০ | ২৩,২৭,০০ | ২৫,৬০,০০ | ২৮,১৮,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১২,৮৮,০৭** | **২৩,৬৯,০৮** | **১৯,৪৮,৯০** | **২৩,২৭,০০** | **২৫,৬০,০০** | **২৮,১৮,০০** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | - | ০ | ২৭,৬৫ | ২৭,৬৫ | ০ | ০ | ০ |
| ১২০০০১৪১১ - বাস্তবায়ন এবং মনিটরিং সেল | - | ১৩,৯০,৭৭ | ৪৯,৬৬,৭৩ | ৪৪,৬৫,৪৩ | ৪৫,১১,০০ | ৪৯,৬১,০০ | ৫৪,৫৮,০০ |
| ১২০০০১৪১২ - শিক্ষা সপ্তাহ | - | ০ | ৫২,১৭ | ৫২,১৭ | ৪৭,০০ | ৫২,০০ | ৫৭,০০ |
| ১২০০০৮৪২১ - গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম | | ০ | ১০,৪৩ | ১০,৪৩ | ১০,০০ | ১১,০০ | ১২,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **১৩,৯০,৭৭** | **৫০,৫৬,৯৮** | **৪৫,৫৫,৬৮** | **৪৫,৬৮,০০** | **৫০,২৪,০০** | **৫৫,২৭,০০** |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩২০১১৬০০ - শিশু কল্যাণ ট্রাস্ট | - | ৩৮,৬২,০০ | ৪৪,৯৩,১৫ | ৪৪,৯৩,১৫ | ৪৮,০০,০০ | ৫২,৮০,০০ | ৫৮,০৬,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **৩৮,৬২,০০** | **৪৪,৯৩,১৫** | **৪৪,৯৩,১৫** | **৪৮,০০,০০** | **৫২,৮০,০০** | **৫৮,০৬,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৬৫,৪০,৮৪** | **১১৯,১৯,২১** | **১০৯,৯৭,৭৩** | **১১৬,৯৫,০০** | **১২৮,৬৪,০০** | **১৪১,৫১,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১২৪ - প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | - | ০ | ১২২০,০০,০০ | ০ | ২৮১৬,৮৩,০০ | ২৯৭৬,৫১,০০ | ৮৯১০,১৮,০০ |
| ২২৪২৯৪৩০০ - প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (চতুর্থ পর্যায়)(০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-৩ | ৩১,৯০,৮৩ | ৭৩,১৪,০০ | ৪৩,০৫,০০ | ১৫০,০০,০০ | ১০০,০০,০০ | ৫৮,০০,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৩১,৯০,৮৩** | **১২৯৩,১৪,০০** | **৪৩,০৫,০০** | **২৯৬৬,৮৩,০০** | **৩০৭৬,৫১,০০** | **৮৯৬৮,১৮,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৩১,৯০,৮৩** | **১২৯৩,১৪,০০** | **৪৩,০৫,০০** | **২৯৬৬,৮৩,০০** | **৩০৭৬,৫১,০০** | **৮৯৬৮,১৮,০০** |
| **মোট :** | | **৯৭,৩১,৬৭** | **১৪১২,৩৩,২১** | **১৫৩,০২,৭৩** | **৩০৮৩,৭৮,০০** | **৩২০৫,১৫,০০** | **৯১০৯,৬৯,০০** |

## ৬.২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** দেশের সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা অর্জন সহজতর করার জন্যে শ্রেণিকক্ষের শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত হ্রাস করতে ২০২৩ সালে পার্বত্য জেলা ব্যতীত অন্য ৬১টি জেলায় ৩৭,৫৭৪ জন নতুন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। পার্বত্য জেলাগুলোতেও চাহিদা অনুযায়ী শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ ও সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি করানো এবং ঝরে পড়া রোধের লক্ষ্যে ১ কোটি ৩০ লক্ষ শিক্ষার্থীর জন্য মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে শিক্ষার্থীর মায়েদের/অভিভাবকদের হাতে উপবৃত্তি প্রদান করা হয়েছে। ২৯ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং কর্মসূচিভুক্ত করা হয়েছে। শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা' (স্লিপ) কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় ৪টি ক্যাটাগরীতে বিদ্যালয় প্রতি ৫০ হাজার থেকে ১ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ৬৭টি পিটিআই এর প্রতিটিতে একটি করে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়াও বিদ্যালয়ের পাঠদান পরিবেশ উন্নয়নের লক্ষ্যে ৭৩,৩৮৫টি অতিরিক্ত শ্রেণিকক্ষ, বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য ৮০,৩৮৯টি আর্সেনিকমুক্ত টিউবওয়েল স্থাপন করা হয়েছে। এছাড়া ৬৬,০৮৪টি ওয়াশব্লক নির্মিত হয়েছে এবং মাঠ পর্যায়ের ৭,৫৫৪টি কার্যালয় মেরামত করা হয়েছে। এসব উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের ফলে বিদ্যালয় গমনোপযোগী (৫-১০বছর) শিশুর নীট ভর্তির হার ২০১৩ সালের ৯৭.৩% হতে বৃদ্ধি পেয়ে বর্তমানে প্রায় ৯৮% এ উন্নীত হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছাত্রের অনুপাত হ্রাস পেয়ে ১:৩৩ হয়েছে এবং ছাত্র উপস্থিতির হার প্রায় ৮৫% এ উন্নীত হয়েছে। এছাড়া ৫ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা চক্রে ঝড়ে পড়ার হার কমে ১৩.৯৫% হয়েছে।

## ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | নিয়োগকৃত শিক্ষক | ১ | সংখ্যা (হাজার) | ১৫ | ৩৭.৫ | ৭.৪ | ৭.৪ | ১৩.৯ | ১৩.৫ | ১৩.৫ |
| ২. বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবং বিদ্যালয় মেরামত ও সংস্কার | অতিরিক্ত নির্মিত শ্রেণিকক্ষ | ১ | সংখ্যা (হাজার) | ১২ | ১৩ | ১২ | ১২ | ২০ | ২০ | ২০ |
| | মেরামত ও সংস্কারকৃত স্কুল | | | ৪ | ৪৭.৪৪ | ৪২ | ৪২ | ২০ | ৪২ | ৪২ |
| ৩. ওয়াশ-ব্লক ও নলকূপ স্থাপন | নতুন নির্মিত ওয়াশ-ব্লক | ১ | সংখ্যা (হাজার) | ৮ | ৮.০৪ | ৮ | ৮ | ১৫ | ৮ | ৮ |
| | স্থাপিত নলকূপ | | | ৬.৫ | ৬.৫ | ৬.৫ | ৬.৫ | ৬.৫ | ৩ | ৬ |
| ৪. শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান | উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ১ | সংখ্যা (লক্ষ) | ১৩০.০০ | ১১২.০০ | ১৩০.০০ | ১১২.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ১৩০.০০ |
| ৫. দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | স্কুল ফিডিং কর্মসূচির আওতাভুক্ত শিক্ষার্থী | ১ | সংখ্যা (লক্ষ) | - | - | ৫০ | - | ১০০ | ১২০ | - |
| ৬. সকলের জন্য বিনামূল্যে সময়মত পাঠ্য পুস্তক সরবরাহ | বিতরণকৃত পাঠ্য পুস্তক | ১ | সংখ্যা (কোটি) | ১০.৫ | ১০.৫ | ১১ | ১১ | ১১ | ১১ | ১১ |
| ৭. মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | বিদ্যালয় পরিদর্শন | ২ | সংখ্যা (লক্ষ) | ৩ | ২.৭ | ৩.৩ | ৩.০ | ৩.৩ | ৩.৩ | ৩.৩ |
| ৮. ৫ম শ্রেণীর পাঠ শেষে সমাপনী পরীক্ষা গ্রহণ | উত্তীর্ণ শিক্ষার্থীর হার | ২ | শতকরা হার | ৯৫.৫ | - | ৯৬ | - | ৯৭ | ৯৮ | ৯৮ |
| ৯. প্রাথমিক পর্যায়ে আইসিটিভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন | ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণকারী বিদ্যালয় | ২ | সংখ্যা হাজার | ৬৫ | ৪১ | ৬৫.৫ | ৬২ | ৬৫.৫ | ৬৫.৫ | ৬৫.৫ |
| ১০. বঙ্গাবন্ধু গোল্ডকাপ ও বঙ্গামাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন | ফুটবল টুর্নামেন্ট | ২ | অংশগ্রহণ কারী শিক্ষার্থী সংখ্যা সংখ্যা | ২২.৫ | ২২.৫ | ২৩ | ২২.৫ | ২৩ | ২৩ | ২৩ |
| ১১. পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান | বিদেশ হতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক/কর্মক র্তা | ২ | সংখ্যা | ৩০০ | - | ৬০০০ | - | ১০০০০ | ১০০০ | ১০০০ |
| ১২. মা সমাবেশ আয়োজন | মা সমাবেশ | ২ | সংখ্যা | ১০০০০০ | ১১৫০০০ | - | - | - | - | - |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১৩. "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস | ২ | সংখ্যা | ১০০০০০ | ১১৪০০০ | ১০০০০০ | ১০০০০০ | ১০০০০০ | ১০০০০০ | ১০০০০০ |
| ১৪. ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন | স্লিপ বরাদ্দ | ৪ | সংখ্যা | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ |

* নোটঃ যে সকল কার্যক্রমের বিপরীতে মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই সেগুলো প্রকল্পভিত্তিক কার্যক্রম এবং প্রকল্প সমাপ্তির শেষে কোন মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই।

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১২৪০২০১ - প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ১-১৪ | ৯৬,৯৫,৮৮ | ১৪৫,০১,৪৯ | ১২৪,২৪,০১ | ১৩৭,৪৮,০০ | ১৫১,২৩,০০ | ১৬৬,৩৫,০০ |
| ১২৪০২০২ - বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১-১৪ | ৫,২৮,৬৯ | ১০,০৬,৯৯ | ৯,৯৪,৭০ | ১০,৪০,০০ | ১১,৪৪,০০ | ১২,৫৮,০০ |
| ১২৪০২০৩ - জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমুহ | ১-১৪ | ৪২,৬৪,৭৮ | ৫৪,৩৩,৯৪ | ৫৪,১৪,৮৯ | ৫৭,৪৭,০০ | ৬৩,২২,০০ | ৬৯,৫৪,০০ |
| ১২৪০২০৪ - উপজেলা শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ২২৭,৬৬,৩৭ | ৩৩০,৬৪,১৬ | ৩২৯,৪৯,৮০ | ৩৪৩,৩৮,০০ | ৩৭৭,৭২,০০ | ৪১৫,৪৯,০০ |
| ১২৪০২০৫ - মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ৯,৫৭,৯৬ | ১৬,৮৪,৩৫ | ১৬,৮৪,৩৫ | ১৭,০৫,০০ | ১৮,৭৬,০০ | ২০,৬৩,০০ |
| ১২৪০২০৬ - উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১-১৪ | ৭৮,৩৬,১৩ | ১০৩,৩৮,৪২ | ১০৩,০৯,৯০ | ১০১,৮৬,০০ | ১১২,০৫,০০ | ১২৩,২৫,০০ |
| ১২৪০২০৭ - থানা রিসোর্স সেন্টারসমূহ | ১-১৪ | ৪,৮২,৬১ | ৫,৯৯,৭৮ | ৫,৯৭,১০ | ৬,৩৩,০০ | ৬,৯৬,০০ | ৭,৬৬,০০ |
| ১২৪০২০৮ - প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ | ১-১৪ | ৭৯,০৩,৫০ | ১০৫,৪২,৫৫ | ১০৫,৩৯,০০ | ১১৩,০৮,০০ | ১২৪,৩৯,০০ | ১৩৬,৮৩,০০ |
| ১২৪০২০৯ - সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১-১৪ | ১৪৭৭১,৯১,২৩ | ১৮৬৯০,৩৮,৪৮ | ১৮৬৯০,৩৮,৪৮ | ১৯৩৯০,১৭,০০ | ২১৩২৯,১৭,০০ | ২৩৪৬২,১১,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৫৩১৬,২৭,১৫** | **১৯৪৬২,১০,১৬** | **১৯৪৩৯,৫২,২৩** | **২০১৭৭,২২,০০** | **২২১৯৪,৯৪,০০** | **২৪৪১৪,৪৪,০০** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০১৪০২ - প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা | ৯ | ০ | ৬৭,৪১,৫৯ | ০ | ০ | ০ | ০ |
| ১২০০০১৪১৩ - বিনামূল্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ | ৭ | ২৬২,৯৯,৬৮ | ৪৩৬,৮০,০৮ | ৪০২,০০,০০ | ৪৪৭,১০,০০ | ৪৯২,৮১,০০ | ৫৪৩,০৯,০০ |
| ১২০০০১৪১৫ - প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি | ৪ | ৭২৮,২৪,৬০ | ২৫৬৯,২৩,৮৩ | ২৩৭১,৯৯,২০ | ১৭৮৫,০০,০০ | ১৯৬৩,৫০,০০ | ২১৫৯,৮৫,০০ |
| ১২০০০১৪১৬ - প্রাথমিক বৃত্তি পরীক্ষা | ৪ | ০ | ১০,০০,০০ | ০ | ১০,০০,০০ | ১০,০০,০০ | ১০,০০,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **৯৯১,২৪,২৮** | **৩০৮৩,৪৫,৫০** | **২৭৭৩,৯৯,২০** | **২২৪২,১০,০০** | **২৪৬৬,৩১,০০** | **২৭১২,৯৪,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৬৩০৭,৫১,৪৩** | **২২৫৪৫,৫৫,৬৬** | **২২২১৩,৫১,৪৩** | **২২৪১৯,৩২,০০** | **২৪৬৬১,২৫,০০** | **২৭১২৭,৩৮,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪০১০৫০০ - চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ হতে ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১,২ | ১২৭৭,৫২,৯২ | ১৩৫০,০০,০০ | ৭০৫,০৫,০০ | ১২৫০,০০,০০ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪০১০৬০০ - চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১,২ | ৮৩৩,৩৩,৬৯ | ৪৫০,০০,০০ | ৩৪৩,৮৬,০০ | ৪৮৫,৮৭,০০ | ০ | ০ |
| ২২৪২৩৭৯০০ - চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-২ | ৪৪৩৪,৮৭,৬৬ | ৮৫৮৬,০০,০০ | ৬৮৪০,৬৮,০০ | ১১০৫৫,৯৭,০০ | ১৪৩০৭,৫৬,০০ | ১০১৯৬,১০,০০ |
| ২২৪২৮৪৬০০ - বাংলাদেশের ৫০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কম্পিউটার ও ভাষা ল্যাব স্থাপন (২য় সংশোধিত) (০১/০১/২০১৯ - ৩০/০৬/২০২৪) অনুমোদিত | ১-২ | ২,৩১,১১ | ৯,২৭,০০ | ১৯,৪৯,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০১৬০০ - প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন(০১/০৩/২০১৯ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১-২ | ১৫,১৬,৪৪ | ৩০,০০,০০ | ২০,০৩,০০ | ৫২,০০,০০ | ০ | ০ |
| ২২৪৩০৫১০০ - ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ (০১/০১/২০২০ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১-২ | ১৪,৮৬,৯২ | ৩০০,০০,০০ | ১২০,৮৬,০০ | ৩০০,০০,০০ | ৩৫০,০০,০০ | ৩৪৪,৭০,০০ |
| ২২৪৩৯০২০০ - কুড়িগ্রাম জেলায় রৌমারী পিটিআই স্থাপন শীর্ষক প্রকল্প (০১/০৭/২০২৩ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ১-২ | ০ | ০ | ৩,৩৬,০০ | ১০,০০,০০ | ১৫,০০,০০ | ১৫,০০,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৬৫৭৮,০৮,৭৪** | **১০৭২৫,২৭,০০** | **৮০৫৩,৩৩,০০** | **১৩১৫৩,৮৪,০০** | **১৪৬৭২,৫৬,০০** | **১০৫৫৫,৮০,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৬৫৭৮,০৮,৭৪** | **১০৭২৫,২৭,০০** | **৮০৫৩,৩৩,০০** | **১৩১৫৩,৮৪,০০** | **১৪৬৭২,৫৬,০০** | **১০৫৫৫,৮০,০০** |
| **মোট :** | | **২২৮৮৫,৬০,১৭** | **৩৩২৭০,৮২,৬৬** | **৩০২৬৬,৮৪,৪৩** | **৩৫৫৭৩,১৬,০০** | **৩৯৩৩৩,৮১,০০** | **৩৭৬৮৩,১৮,০০** |

## ৬.৩ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** দেশের ১৫-৪৫ বছর বয়সী ৪৫ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষর জ্ঞানসম্পন্ন করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এসকল নব্য সাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীকে বিভিন্ন কর্মে দক্ষ করে তোলার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যালয় বর্হিভূত ৮-১৪ বছর বয়সী ১০ লক্ষ শিক্ষার্থীকে উপানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষাকাল সম্পন্ন করে শিক্ষার মূলধারায় সম্পৃক্ত করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। গত ৩০ জুন'২০২৩ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের ৩য় গ্রেডের শিক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিদ্যালয় বহির্ভূত ১৪-১৮ বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা শীর্ষক কক্সবাজার জেলায় ১৮ মাস মেয়াদী একটি ”পাইলট প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ**

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ৬৪ জেলায় ১১ থেকে ৪৫ বছর বয়সী নিরক্ষর নারী-পুরুষদের জন্য মৌলিক সাক্ষরতা কর্মসূচি বাস্তবায়ন | মৌলিক সাক্ষরতা লাভকারী নিরক্ষর | ৩ | জন (লক্ষ) | ৪৪.৬০ জন | ২৩.৬০ জন | ৩০-০৬-২০২২ তারিখে প্রকল্প সমাপ্ত হয়েছে | ৩০-০৬-২০২২ তারিখে প্রকল্প সমাপ্ত হয়েছে | | | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২. বিদ্যালয় বহির্ভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | প্রাথমিক শিক্ষা স্তর উত্তীরণ Pre-voc কোর্স সম্পন্নকারী কিশোর-কিশোরী | ৩ | জন (লক্ষ) | ২.৫০ জন | ৭.০১ জন | ৬.৫০ জন | ৬.৫০ জন | | | |
| ৩. দক্ষতা কেন্দ্রিক স্বাক্ষরতা | স্বাক্ষরতাপ্রাপ্ত কিশোর কিশোরী | ৩ | জন | | | | | | ৩৪১৩ | ৩৪১২ |

## ৬.৩.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১২৪০৩০১ - প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১-৩ | ৭,৯৩,৫২ | ১২,৮৪,৫০ | ১১,৮২,১৮ | ১১৬,৫০,০০ | ১২৮,১৫,০০ | ১৪০,৯৬,০০ |
| ১২৪০৩০২ - জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১-৩ | ১২,৮৮,৩৯ | ১৬,৮৯,৫০ | ১৬,৬০,৪৫ | ১৭,৯৮,০০ | ১৯,৭৮,০০ | ২১,৭৬,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **২০,৮১,৯১** | **২৯,৭৪,০০** | **২৮,৪২,৬৩** | **১৩৪,৪৮,০০** | **১৪৭,৯৩,০০** | **১৬২,৭২,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **২০,৮১,৯১** | **২৯,৭৪,০০** | **২৮,৪২,৬৩** | **১৩৪,৪৮,০০** | **১৪৭,৯৩,০০** | **১৬২,৭২,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৩০৫০১০০ - বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা (০১/০৯/২০২৩ - ২৮/০২/২০২৫) অনুমোদিত | ১ | ০ | ০ | ২৪,৭২,০০ | ১৪,৮৫,০০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **০** | **০** | **২৪,৭২,০০** | **১৪,৮৫,০০** | **০** | **০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **০** | **০** | **২৪,৭২,০০** | **১৪,৮৫,০০** | **০** | **০** |
| **মোট :** | | **২০,৮১,৯১** | **২৯,৭৪,০০** | **৫৩,১৪,৬৩** | **১৪৯,৩৩,০০** | **১৪৭,৯৩,০০** | **১৬২,৭২,০০** |

## ৬.৪ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছরে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই), জেলা প্রাথমিক/উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার (ইউ.আর.সি) এবং নেপ এর সংশ্লিষ্ট সর্বমোট ২,৭১১ জন কর্মকর্তা ও কর্মচারীকে অফিস ও অর্থ ব্যবস্থাপনা, মানসম্মত প্রাথমিক শিক্ষা এবং মাঠপর্যায়ের প্রশাসন, সুশাসন এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা, কম্পিউটার প্রশিক্ষণ, শুদ্ধাচার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই সময়ে ৬টি গবেষণা সম্পন্ন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের ৮৬৮ জন শিক্ষককে এক বছর মেয়াদী সার্টিফিকেট ইন এডুকেশন (সি-ইন-এড) এবং ৪৮,২৭২ জন শিক্ষককে দেড় বছর মেয়াদী ডিপ্লোমা ইন প্রাইমারী এডুকেশন (ডিপিএড) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৪ সনের জানুয়ারি মাসে দেশের মোট ৬৭টি পিটিআইতে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) প্রশিক্ষণ কোর্সে ৭,১২০ জন ভর্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী | ২ | জন (হাজার) | ১.০০ | ১.২০ | ১.১০ | ১.০০ | ১.০০ | ১.১০ | ১.১০ |
| ২. শিক্ষকদের সি.ইন.এড প্রশিক্ষণ/ডিপিএড প্রশিক্ষণ | সি.ইন.এড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | ২ | জন (হাজার) | ০.০০ | ০.২০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | ডিপিএড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | | | ১১.৪০ | ১১.৩০ | ১১.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | পরিমার্জিত ডিপিএড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | | | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭.১০ | ৮.০০ | ৯.০০ | ১০.০০ |
| ৩. বিদ্যালয় ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত এস.এম.সি সদস্য | ২ | জন (হাজার) | ০.৪৪ | ০.০০ | ০.৪৪ | ০.৩০ | ০.৪৪ | ০.৬৬ | ০.৮৮ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০০৪১০০ - জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ১-৩ | ৮,২৬,৯৯ | ৯,৩৩,৬৭ | ৮,৮৪,৯৫ | ১৩,০০,০০ | ১৪,৩০,০০ | ১৫,৭৩,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **৮,২৬,৯৯** | **৯,৩৩,৬৭** | **৮,৮৪,৯৫** | **১৩,০০,০০** | **১৪,৩০,০০** | **১৫,৭৩,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৮,২৬,৯৯** | **৯,৩৩,৬৭** | **৮,৮৪,৯৫** | **১৩,০০,০০** | **১৪,৩০,০০** | **১৫,৭৩,০০** |
| **মোট :** | | **৮,২৬,৯৯** | **৯,৩৩,৬৭** | **৮,৮৪,৯৫** | **১৩,০০,০০** | **১৪,৩০,০০** | **১৫,৭৩,০০** |

## ৬.৫ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

**৬.৫.১ সাম্প্রতিক অর্জন:** প্রাথমিক বিদ্যালয়সমূহে ১০০% উপস্থিতি, ঝরে পড়া রোধ ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের জন্য ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ০৭টি থানা প্রাথমিক শিক্ষা অফিস পরিদর্শন করা হয়েছে।

### ৬.৫.২ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| বিদ্যালয় পরিদর্শন | পরিদর্শন কার্যক্রম | ১ | সংখ্যা | | | | | ৪৫ | ৪৮ | ৫০ |

## ৬.৫.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| প্রযোজ্য নয়। | | | | | | | |